গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা**
লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, EIIN-১০৮২৫১, কলেজ কোড-৬৪৪৭
Wibesite: www.lalmatiamohilacollege.edu.bd, E-mail: lalmatiagirlscollege@yahoo.com,

স্মারক নং- ম/০৭-৬২৭৪৯ তারিখ: ২৭.০১.২০২৬

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদন **১৯/০২/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত চলবে**। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ০১ এপ্রিল ২০২৬ তারিখ থেকে শুরু হবে।

**ভর্তির যোগ্যতা:** ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯ থেকে ২০২৩ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। এছাড়া আবেদনকারীর প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছুক বিষয়ে সনাতন পদ্ধতিতে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা স্নাতক (পাস) পর্যায়ে ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে নূন্যতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০০ পেতে হবে।

**আবেদন প্রক্রিয়া:** আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions এর Masters Tab এ গিয়ে Apply Now (Masters Preli.) অপশনে ক্লিক করে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন ও একটি নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ঢাকা বিভাগ ও ঢাকা জেলাস্থ লালমাটিয়া সরকারি মহিলা কলেজ সিলেক্ট করলে ভর্তি যোগ্য বিষয় ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সাথে তার প্রার্থিত বিষয় নির্ধারণ করতে হবে। অত:পর আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি মাপ হবে 120 X 150 pixels, Image Type: Jpg এবং maximun file size : 50Kb. দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি স্ক্যান করে আপলোড করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান, ক্ষুদ্র নৃগোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম ও পোষ্য কোটায় ভর্তি ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা সিলেক্ট করতে হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) ও কলেজের ওয়েব সাইটে (www.lalmatiamohilacollege.edu.bd). থেকে বিস্তারিত জানা যাবে।

প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সের ভর্তি রোল নম্বর পাওয়ার পর উক্ত রোল নম্বর ব্যবহার করে প্রাথমিক আবেদন ফি বাবদ নীট (চার্জ ব্যতীত) ১০০০/- (এক হাজার) টাকা মোবাইল ব্যাংকিং (বিকাশ ০১৭৫২০০৫০৭১) এর মাধ্যমে ২২/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে জমা দিতে হবে। **বিকাশে টাকা পাঠানোর সময় রেফারেন্স নম্বরে তার ভর্তি রোল নম্বর দিতে হবে**। উল্লিখিত বিকাশ নম্বরে পেমেন্ট সিলেক্ট করে প্রাথমিক আবেদন ফি জমা দিতে হবে। অন্য কোন ভাবে উক্ত ফি পরিশোধ করলে তা গ্রহণযোগ্য হবে না।

**অ্যাপ দিয়ে যেভাবে পেমেন্ট বিকাশ করবেন:**

১। বিকাশ অ্যাপ হোমস্ক্রিন থেকে পেমেন্ট সিলেক্ট করে লালমাটিয়া সরকারি মহিলা কলেজ এর বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ টাইপ করুন।
২। টাকার পরিমাণ দিন ১০০০+১৪ (বিকাশ চার্জ) ১০১৪ টাকা। ১০১৪ টাকা না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
৩। রেফারেন্স হিসেবে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তির রোল নম্বর এন্ট্রি দিন। রোল নম্বর না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
৪। বিকাশে পেমেন্ট সম্পন্ন করতে ট্যাপ করে কিছুক্ষণ ধরে রাখুন।

*২৪৭# ডায়াল করে যেভাবে পেমেন্ট বিকাশ করবেন:

১। *২৪৭# ডায়াল করুন এবং মেন্যু থেকে ৪ চেপে পেমেন্ট বেছে নিন।
২। লালমাটিয়া সরকারি মহিলা কলেজের বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ টাইপ করুন।
৩। আবেদন ফি বাবদ ১০০০+১৪ (বিকাশ চার্জ) ১০১৪/- টাকা এন্ট্রি দিন।
৪। রেফারেন্স হিসেবে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সের ভর্তির রোল নম্বর দিন। রোল নম্বর না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
৫। কাউন্টার নম্বর ১ লিখে সেন্ড করুন এবং আপনার বিকাশ অ্যাকাউন্ট এর পিন নম্বর দিয়ে সেন্ড করুন।

এছাড়াও কলেজে উপস্থিত হয়ে অনলাইন প্রাথমিক আবেদন ফরম জমা দেয়া যাবে।

যে সকল শিক্ষার্থী ১০১৪/- টাকা জমা দিবে তাদের প্রাথমিক আবেদন ফরম অনলাইনে পরবর্তী কর্মদিবসে নিশ্চয়ন করা হবে। কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে শিক্ষার্থীদের মোবাইলে নিশ্চয়ন সংক্রান্ত SMS যাবে। এছাড়াও www.nu.ac.bd/admissions এ Applicant Login গিয়ে রোল নম্বর ও পিন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিয়ে কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হয়েছে কি না তা জানা যাবে। নিশ্চয়ন না হলে শিক্ষার্থীদেরকে কলেজে যোগাযোগ করতে হবে। নিশ্চয়ন না হলে ভর্তির যোগ্য হবে না।

**লালমাটিয়া সরকারি মহিলা কলেজের প্রিলিমিনারী টু মাস্টার্স বিষয়সমূহ ঃ**

১। বাংলা ২। ইংরেজি ৩। গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান ৪। সমাজবিজ্ঞান ৫। সমাজকর্ম ৬। রাষ্ট্রবিজ্ঞান ৭। অর্থনীতি ৮। হিসাববিজ্ঞান ও ৯। ব্যবস্থাপনা।

২৭/০১/২০২৬
প্রফেসর মুহাম্মদ নাজিমুল হক